দৈনিক বাংলা

তারিখ ... 01 SEP 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ২

44

# এ বছর সরকারী কলেজে ১১০০ প্রভাষক নিয়োগ

**স্টাফ রিপোর্টার ঃ** চলতি বছর দেশের বিভিন্ন সরকারী কলেজে ১১শ'রও বেশী প্রভাষক নিয়োগ করা হচ্ছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছেঃ ১৬তম বিসিএস (বিশেষ) পরীক্ষার মাধ্যমে এদের নিয়োগ করা হবে। বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সংস্থাপন মন্ত্রণালয়ের রিকুইজিশনের ভিত্তিতে জরুরীভাবে নিয়োগের জন্য এরই মধ্যে প্রার্থীদের মৌখিক ও লিখিত পরীক্ষা সম্পন্ন করেছে। এ মাসের মধ্যে এই পরীক্ষার ফল বের হবে বলে আশা করা যাচ্ছে। পরীক্ষার ফল বের হলে পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল পরীক্ষার ইতিবাচক রিপোর্টের ভিত্তিতে ডিসেম্বরের মধ্যে প্রভাষক পদে নিয়োগের কাজ সম্পন্ন হবে।

উল্লেখ্য, ১১শ'রও বেশী প্রভাষক পদের জন্য প্রায় ৩৬ হাজার প্রার্থী অংশ নিয়েছেন। এদের অধিকাংশই মাস্টারসে

(৫-এর পৃঃ দ্রঃ)

## এ বছর সরকারী

(প্রথম পৃষ্ঠার পর)

প্রথম শ্রেণী পাওয়া। আবেদনকারীদের মধ্যে প্রায় ৮ হাজার প্রার্থীকে মৌখিক পরীক্ষায় ডাকা হয়েছে। গত জুন মাসে মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়।

### ১৭তম বিসিএস পরীক্ষা

খুব শিগগির ১৭তম বিসিএস পরীক্ষার প্রিলিমিনারী টেষ্ট শুরু হবে। এই পরীক্ষার মাধ্যমে ছয় শতাধিক বিভিন্ন ক্যাডারের গেজেটেড অফিসার নিয়োগ করা হবে। এর জন্যে প্রায় ৬৫ হাজার প্রার্থী আবেদন করেছেন। খবর সংশ্লিষ্ট সূত্রের।